Cambridge Assessment International Education

# Cambridge O Level

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| CANDIDATE NAME | | | | | | | | | |
| CENTRE NUMBER | | | | | | CANDIDATE NUMBER | | | | |

*3727601362*

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2023**

**1 hour 30 minutes**

You must answer on the question paper.

You will need: Insert (enclosed)

**INSTRUCTIONS**

- Answer **all** questions in **Bengali**.
- Use a black or dark blue pen.
- Write your name, centre number and candidate number in the boxes at the top of the page.
- Write your answer to each question in the space provided.
- Do **not** use an erasable pen or correction fluid.
- Do **not** write on any bar codes.
- Dictionaries are **not** allowed.

**INFORMATION**

- The total mark for this paper is 110.
- The number of marks for each question or part question is shown in brackets [ ].
- The insert contains the reading passages.

This document has **12** pages. Any blank pages are indicated.


© UCLES 2023

**[Turn over**

## Section A
## বিভাগ : ক

### Combination of Words

সন্ধি

নিচে দেওয়া শব্দগুলোর সন্ধি করো।

**1** অতি + ইত

..... [2]

**2** দেব + ঋষি

..... [2]

**3** দিক + অন্ত

..... [2]

**4** উদ + নয়ন

..... [2]

**5** নিঃ + তেজ

..... [2]

**Idioms, Proverbs and Words in Pairs**
বাগধারা, প্রবচন এবং জোড়াশব্দ

নিচে দেওয়া বাগধারা/প্রবচন/জোড়াশব্দের তালিকা থেকে সঠিক উত্তরটি বেছে কেবল তার **নম্বরটি** বসিয়ে প্রতিটি বাক্যের শূন্যস্থান পূরণ করো।

| | |
|---|---|
| **(1)** বক ধার্মিক | **(6)** নাচতে না জানলে উঠোন বাঁকা |
| **(2)** সাত-পাঁচ | **(7)** উলুবনে মুক্ত ছড়ানো |
| **(3)** টনক নড়া | **(8)** মশা মারতে কামান দাগা |
| **(4)** পাকা ধানে মই | **(9)** হাড় হাভাতে |
| **(5)** দশের লাঠি একের বোঝা | **(10)** দহরম-মহরম |

**6** শেষ পর্যন্ত ..... ভেবে ঠিক করলাম এই ঝুঁকিপূর্ণ চাকরীটা আর করবো না। [2]

**7** বাবুলের মতো ..... ছেলে আর দেখিনি, যা হাতে পায় সব উড়িয়ে দেয়। [2]

**8** পরীক্ষায় ফেল করেছে মোহিত অথচ দোষ দিচ্ছে শিক্ষককে; ..... ই হয়। [2]

**9** তুমি আমার সঙ্গে অযথা দুর্ব্যবহার করছো কেন? আমি কি তোমার ..... দিয়েছি? [2]

**10** সামান্য এই কাজের জন্য এতো বেশি লোক লাগিয়েছো, এ যে দেখছি একেবারে ..... । [2]

© UCLES 2023

**Sentence Transformation**
বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে এমনভাবে লেখো যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।

**11** তোমার পরিশ্রম সার্থক হবে।

..... না। [2]

**12** গুরুজনকে সবাই শ্রদ্ধা করে।

গুরুজনকে ..... ? [2]

**13** অধ্যবসায় ছাড়া তুমি জীবনে সফল হবে না।

..... হবে। [2]

**14** ছেলেটি অলস হলেও লেখাপড়ায় সে সবার সেরা।

ছেলেটি ..... । [2]

**15** বাবা আমাকে স্কুলের কাজ শেষ করে তারপর খেলাধুলা করতে বললেন।

বাবা বললেন, " ..... ।" [2]

© UCLES 2023

**Cloze Passage**

শূন্যস্থান পূরণ

নিচে দেওয়া শব্দের তালিকা থেকে উপযুক্ত **শব্দটি** বেছে নিয়ে অনুচ্ছেদের প্রত্যেকটি শূন্যস্থান পূরণ করো।

"বাউল" শব্দটি শুনলে বা কোনো বাউল দেখলে সাধারণভাবে আমাদের মনে হয়, কোনো ঘরছাড়া উদাসী সাধকের মরমী গানের কথা। একদিকে গানের মাধ্যমে তাঁরা যেমন সাধনার তত্ত্ব প্রচার করেন, অপরদিকে তাঁদের **(16)** _____ খোঁজেন। বাউলগানে একটি আদর্শকে বিশেষ সুরে গানের মাধ্যমে **(17)** _____ করা হয়। তাই বাউল আদর্শে দীক্ষিত না হলে কারো পক্ষে বাউল গানের প্রকৃত অর্থ **(18)** _____ করা সম্ভব না। ইতিহাসবিদদের মতে, সতেরো শতকে বাংলাদেশে বাউল তত্ত্বের উদ্ভব হয়। তবে বাউলেরা যেহেতু বাউল নামটি দেননি, সেহেতু "বাউল" শব্দটির **(19)** _____ নিয়ে নানা ধরনের মত রয়েছে। তবে সুনির্দিষ্টভাবে এর মর্মকথা উপলব্ধি করা কঠিন হলেও বাউলগানের বাণীতে পাওয়া যায় এক **(20)** _____ ভাব। ২০০৫ সালে "ইউনেস্কো" বিশ্বের কথ্য ও দৃশ্যমান ঐতিহ্যসমূহের মধ্যে বাউল সঙ্গীতকে **(21)** _____ সম্পদ হিসেবে ঘোষণা করেছে। অবশ্য বিংশ শতাব্দীর পঞ্চাশ-ষাটের দশক হতেই ইউরোপ-আমেরিকার নানান দেশের বিশ্ববিদ্যালয়ে বাউলগান ও বাউলদের সাধনা নিয়ে নানা ধরনের **(22)** _____ শুরু হয়েছিলো। পাশাপাশি বাংলার এই বাউলগান **(23)** _____ করতে গ্রামের বাউল-সাধক শিল্পীগণ বিভিন্ন দেশ-বিদেশেও ভ্রমণ করেছেন। বর্তমানে বাংলাদেশ সরকার আবহমান বাউলগানের **(24)** _____ ও প্রসারের জন্য বিভিন্ন পদক্ষেপ নিচ্ছেন। তাছাড়া বিশ্ব-ঐতিহ্য হিসেবে অন্যান্য সংস্কৃতিতে এর ব্যাপক প্রচারের জন্যও বাংলাদেশ সরকার ইতোমধ্যে বেশ কয়েকটি প্রকল্প **(25)** _____ করেছেন। এসব প্রকল্প বাস্তবায়িত হলে বাউল শিল্পীরা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নিজেদের যোগ্যতায় পরিচিত হতে পারবেন।

| | | |
|---|---|---|
| মর্মস্পর্শী | সৃষ্টিকর্তাকে | যোগ্যতা |
| মূল্যবান | উৎপত্তি | দুরূহ |
| প্রকাশ | গবেষণা | সংরক্ষণ |
| গ্রহণ | মাধ্যমে | অনুধাবন |
| সংস্কৃতিতে | পরিবেশন | পরিচিত |

[20]

## Section B
## বিভাগ : খ

### Multiple Choice Comprehension
বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **1** নম্বর নিবন্ধটি পড়ে **26** থেকে **32** নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের সঠিক উত্তরটি বেছে উপযুক্ত বাক্সে ✓ দাও।

**26** নিবন্ধটি অনুযায়ী বর্তমান সময়ে প্রকৃতি সম্বন্ধে কী বলা হয়েছে?

| | | |
|---|---|---|
| **A** | | বৈজ্ঞানিক উপায়ে প্রকৃতিকে ব্যবহার করা হচ্ছে। |
| **B** | | প্রযুক্তি দিয়ে প্রকৃতির ভারসাম্যহীনতার সমাধান করা হচ্ছে। |
| **C** | | সবুজ প্রকৃতির জন্য উন্নতমানের প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে। |
| **D** | | প্রকৃতির ভারসাম্য রক্ষার জন্য জনগণের সচেতন হওয়ার দরকার। |

[2]

**27** আগের দিনে লোকজন পরিবেশ-বান্ধব ছিলো সেটা কীভাবে বোঝা যায়?

| | | |
|---|---|---|
| **A** | | মাছ-মাংস ও সবজির জন্য আলাদা আলাদা ব্যাগ ব্যবহার করতো। |
| **B** | | রান্নার আবর্জনা ও উচ্ছিষ্ট খাবার দিয়ে জৈবসার বানাতো। |
| **C** | | সবুজ আঙ্গিনা কংক্রিট দিয়ে ঢেকে দিতো। |
| **D** | | লোকজন এখন বিভিন্ন দোকান থেকে প্লাস্টিক ব্যাগে বাজার করে। |

[2]

**28** 'বর্জ্যও একটি সম্পদ' এই কথাটি কীভাবে কার্যকর করা যায়?

| | | |
|---|---|---|
| **A** | | প্রকৃতি থেকে বিনামূল্যে সম্পদ আহরণ করে। |
| **B** | | গোসলের বর্জ্য পানি সংগ্রহ করে সেটা গাছে পানি দেওয়ার কাজে লাগিয়ে। |
| **C** | | প্রতিদিন কল ছেড়ে 15-20 ধরে হাতমুখ ধুয়ে। |
| **D** | | প্রতিদিন গোসলের সময় 30 লিটার পানি খরচ করে। |

[2]

© UCLES 2023

**29** প্রকৃতিকে রক্ষা করার জন্য 'সবুজ স্থাপনা' সম্বন্ধে নিচের কোন তথ্যটি সঠিক নয়?

| | | |
|---|---|---|
| **A** | | পাশ্চাত্যের দেশগুলোতে এখন অনেক 'সবুজ স্থাপনা' দেখা যাচ্ছে। |
| **B** | | দিনের বেলা বাড়িঘরে কৃত্রিম আলোর দরকার যেন না লাগে সে ব্যবস্থা রাখা হচ্ছে। |
| **C** | | পাশ্চাত্যের মতো বাংলাদেশও 'সবুজ স্থাপনা' বানাবার উদ্যোগ নিয়েছে। |
| **D** | | 'সবুজ স্থাপনা' বানাবার জন্য ব্যবহার করা পানি বারবার ব্যবহার করা হয়। |

[2]

**30** বাংলাদেশের মতো দরিদ্র দেশে সৌরবিদ্যুতের ব্যাপক ব্যবহার নেই কেন?

| | | |
|---|---|---|
| **A** | | মানুষের মধ্যে পরিবেশ সচেতনতা নেই বলে। |
| **B** | | ইউরোপের মতো বাংলাদেশে ঘর গরম করার প্রয়োজন নেই বলে। |
| **C** | | ইউরোপের মতো সূর্যের আলো দিয়ে বিদ্যুৎ উৎপাদনের প্রযুক্তি নেই বলে। |
| **D** | | ইউরোপের মতো আর্থিক সহায়তা নেই বলে। |

[2]

**31** বৃক্ষরোপণ কীভাবে প্রকৃতিকে রক্ষা করে?

| | | |
|---|---|---|
| **A** | | বৃক্ষরাজি প্রকৃতিকে সবুজ করে। |
| **B** | | বাতাসের কার্বন ডাই অক্সাইড শোষণ করে বায়ুদূষণ কমায়। |
| **C** | | বৃক্ষরাজি থেকে প্রয়োজনীয় কাঠ উৎপাদন করে প্লাস্টিকের ব্যবহার কমায়। |
| **D** | | বৃক্ষরাজি থেকে মানুষ স্বাস্থ্যকর ফলমূল পায়। |

[2]

**32** বিশ্বের বায়ুমণ্ডলের দূষণ বন্ধ করার সবচেয়ে কার্যকরী পদক্ষেপ _____ ।

| | | |
|---|---|---|
| **A** | | সৌরবিদ্যুৎ এবং বাতাসের টারবাইন দিয়ে জ্বালানিবিহীন বিদ্যুৎ উৎপাদন করা |
| **B** | | দৈনন্দিন জীবনে বর্জ্যের উৎপাদন কমানো |
| **C** | | প্লাস্টিকের ব্যবহার কমানো |
| **D** | | জিনিস অপচয় না করে পুনঃব্যবহার করা |

[2]

## Section C
## বিভাগ : গ

### OE Comprehension

বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **2** নম্বর নিবন্ধটি পড়ে **33** থেকে **38** প্রশ্নগুলোর উত্তর দাও। নিবন্ধ থেকে কোনো সম্পূর্ণ বাক্য অবশ্যই হুবহু নকল করবে না *(প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য **4** নম্বর ও সুন্দর ভাষার জন্য **2** নম্বর)*।

**33** লেখকের কলেজটি সম্পর্কে কী বলা হয়েছে? **চারটি** বিষয় লেখো।

.....

.....

.....

.....

.....

.....

[6]

**34** এলাকার ছেলেরা কী করে? **চারটি** বিষয় লেখো।

.....

.....

.....

.....

.....

.....

[6]

**35** অনলাইনে লেখাপড়ার ক্ষেত্রে শিক্ষার্থীদের কোন ধরনের সমস্যার কথা লেখক উল্লেখ করেছেন? **চারটি** বিষয় লেখো।

.....

.....

.....

.....

.....

.....

[6]

**36** লেখকের কলেজ অধ্যক্ষ ছাত্রছাত্রীদের **অফলাইন ও অনলাইন** পরীক্ষা পদ্ধতি সম্বন্ধে যেসব নির্দেশ দিয়েছেন তার **দুটি** করে উদাহরণ দাও।

**অফলাইন** পরীক্ষা পদ্ধতি:

.....

.....

.....

**অনলাইন** পরীক্ষা পদ্ধতি:

.....

.....

.....

[6]

**37** লেখকের মতে প্রযুক্তিগত পাঠের কারণে নতুন প্রজন্ম কী কী হারাচ্ছে? **চারটি** বিষয় লেখো।

.....

.....

.....

.....

.....

.....

[6]

**38** লেখক শেষ অনুচ্ছেদে নিজের বর্তমান অবস্থানের ক্ষেত্রে কিসের অভাব বোধ করেছেন? **চারটি** বিষয় লেখো।

.....

.....

.....

.....

.....

.....

[6]

## Vocabulary

শব্দার্থ
এই নিবন্ধ থেকে নেওয়া নিচের প্রতিটি শব্দের কেবল **একটিমাত্র** অর্থ লেখো।

**39** শৈশবে

..... [2]

**40** নির্দেশ

..... [2]

**41** গ্রামীণ

..... [2]

**42** স্মরণীয়

..... [2]

**43** বিনিময়

..... [2]

**BLANK PAGE**

© UCLES 2023

**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

To avoid the issue of disclosure of answer-related information to candidates, all copyright acknowledgements are reproduced online in the Cambridge Assessment International Education Copyright Acknowledgements Booklet. This is produced for each series of examinations and is freely available to download at www.cambridgeinternational.org after the live examination series.

Cambridge Assessment International Education is part of Cambridge Assessment. Cambridge Assessment is the brand name of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is a department of the University of Cambridge.

© UCLES 2023